এশিয়া প্যাসিফিক অঞ্চল

# শিক্ষামন্ত্রীদের সম্মেলনে বাংলাদেশের চার প্রস্তাব

আমাদের সময় ডেস্ক
৮ জুন ২০২২ ১২:০০ এএম | আপডেট: ৭ জুন ২০২২ ১০:৪২ পিএম

1
Shares

advertisement

এশিয়া প্যাসিফিক অঞ্চলের দেশগুলোর শিক্ষামন্ত্রীদের দ্বিতীয় সম্মেলনে বাংলাদেশের শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি চার দফা প্রস্তাব উত্থাপন করেছেন। এশিয়া প্যাসিফিক অঞ্চলে কার্যকর ও রূপান্তরিত শিক্ষানীতি প্রণয়নের লক্ষ্যে তিনি শিক্ষাকে সর্বজনীন সম্পদ উল্লেখ করে এর ব্যয়ভার বহন বিষয়ে সামাজিক এবং উন্নয়ন অংশীদারদের কার্যকর সহায়তা কৌশল নির্ধারণের আহ্বান জানান। পাশাপাশি প্রাক-প্রাথমিক শিক্ষার বিস্তার, কারিগরি এবং ভোকেশনাল শিক্ষা ও দক্ষতা অর্জন এবং ডিজিটাল

শিক্ষা সুলভ ও সহজলভ্য করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। গত সোমবার থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, জাতিসংঘ কর্তৃক ২০১৫ সালে গৃহীত টেকসই উন্নয়ন অভীষ্ট বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় আয়োজিত মন্ত্রীপর্যায়ের এ সভায় এশিয়া প্যাসিফিক অঞ্চলের ২৩টি দেশের শিক্ষামন্ত্রীরা অংশগ্রহণ করেন। কোভিড-১৯ মহামারী এবং

পরবর্তীতে এ অঞ্চলের শিক্ষাক্ষেত্রে যে বিপর্যয়ের সৃষ্টি হয়েছে, তা নিরসনে সমন্বিত উদ্যোগ গ্রহণের লক্ষ্যে এ বছরে সম্মেলনের আয়োজন করা হয়।

সম্মেলনে শিক্ষামন্ত্রী দীপু মনি প্লেনারি সেশন ও বিষয়ভিত্তিক গোলটেবিল আলোচনায় বক্তব্য দেন। এ ছাড়াও শিক্ষামন্ত্রী ইউনেস্কোর শিক্ষাবিষয়ক সহকারী মহাপরিচালক স্টেফানিয়া জিয়ানিনি এবং ইউনেস্কো নির্বাহী পরিষদের সভাপতি তামারা রাস্তোভ্যাক সিয়ামশিভিলির সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করেন। দ্বিপক্ষীয় সভায় দীপু মনি টেকসই উন্নয়ন অভীষ্টে শিক্ষাসংক্রান্ত সার্বিক লক্ষ্যমাত্রা অর্জনে পরিবেশগত এবং জোরপূর্বক বাস্তুচ্যুত শিক্ষার্থীদের শিক্ষার অধিকার নিশ্চিতের বিষয়ে মত প্রকাশ করেন। সম্মেলনে শিক্ষামন্ত্রীর পাশাপাশি ইউনেস্কোতে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি খন্দকার এম তালহাসহ শিক্ষা মন্ত্রণালয়ের একটি প্রতিনিধি দল অংশগ্রহণ করে।

1
Shares